


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৩.০৩৩.২০১৬-৭৫৩


তারিখঃ ১৮/০৬/২০১৭খ্রিঃ

বিষয় : 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের অর্থ ৪৯১টি উপজেলার অনুকূলে ছাড়করণের সুবিধার্থে জনসংখ্যা ও আয়তনের উপজেলাওয়ারী হালনাগাদ তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো হয়েছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির থোক বরাদ্দের আওতায় প্রতি অর্থ বছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতে প্রাপ্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিভাজন করা হয়। উক্ত অনুমোদিত বিভাজন অনুযায়ী সাধারণ উপ-খাতে রক্ষিত অর্থ সম ৪ (চার) কিস্তিতে সকল উপজেলা পরিষদের অনুকূলে জনসংখ্যা, আয়তন ও সাধারণ এ তিন নির্ণায়কের শতকরা হারের ভিত্তিতে অর্থ ছাড় করা হয়ে থাকে।

২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত স্থানীয় সরকার বিভাগে সংরক্ষিত ২০১১ সালের তথ্য দ্বারা অর্থ ছাড় করা হয়েছে। ইতোমধ্যে অনেক উপজেলা নতুন গঠন ও পুনর্গঠন করা হয়েছে। এছাড়া বিভিন্ন পৌরসভা, সিটি কর্পোরেশন ও ইউনিয়ন পরিষদ সৃষ্টি, গঠন/পুনর্গঠনে উপজেলা পরিষদের আয়তন ও জনসংখ্যার তথ্যের পরিবর্তন হয়েছে। তাছাড়া জনসংখ্যা বৃদ্ধির কারণে এবং নদী ভাঙ্গন তথা প্রাকৃতিক দুর্যোগের কারণে উপজেলা পরিষদের সীমানা, আয়তন ও জনসংখ্যা হ্রাস-বৃদ্ধি ঘটেছে। হালনাগাদ তথ্য-উপাত্ত না থাকায় চলতি ২০১৬-১৭ ও বিগত অর্থ বছরে অনেক উপজেলা হতে জনসংখ্যা ও আয়তনের শতকরা হারের নির্ণায়ক অনুযায়ী বরাদ্দ প্রাপ্তি নিয়ে নানা আপত্তি-বিপত্তি উত্থাপিত হয়েছে/হচ্ছে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের সাধারণ উপখাতে আগামী ২০১৭-১৮ অর্থ বছরে ৪৯১টি উপজেলার অনুকূলে যথাযথভাবে নির্ণায়কের শতকরা হার অনুযায়ী ছাড়করণে উপজেলাওয়ারী জনসংখ্যা ও আয়তনের হালনাগাদ তথ্যাদি জরুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।